



দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২  
ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

স্মারক নং- ২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০০৮.১৯. ০১৫৪

তারিখঃ ০৪ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ  
২০ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ

**“নিলাম বিজ্ঞপ্তি”**

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নির্মাণ ষ্টোরের “বিনষ্ট/ ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ ও নষ্ট কাঠের খালি ড্রাম” যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যবসায়ী/ প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সাদা কাগজে/ নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। মালামালের বিবরণ নিম্নে প্রদান করা হলো।

ক্রমিক নং	মালামালের বিবরণ	একক	পরিমাণ	সর্বনিম্ন একক নিলাম মূল্য	মন্তব্য
১.	বিনষ্ট/ ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ	কেজি	৩২০০	২.৮০	
২.	নষ্ট কাঠের খালি ড্রাম	টি	০৯	৪০.০০	
		মোট =			

কথায়ঃ .....

**দরপত্র প্রদানের স্থান ও সময়**

০১।	RFQ জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়	২৮/১০/২০১৯খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত
০২।	RFQ জমা দেয়ার স্থান	পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।
০৩।	RFQ খোলার তারিখ, সময় ও স্থান	২৮/১০/২০১৯খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২-৩০ ঘটিকায় পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এবং দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর।

**শর্তাবলীঃ**

- ০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলমোহরকৃত নিলাম দরপত্র পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, সদর দপ্তর (৯ম তলা), জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাঞ্ছ দরপত্র দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা যাবে না। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী স্ব-স্ব দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। নিলামে উদ্ধৃত দরের ২৫%(পঁচিশ শতাংশ) অর্থ আর্নেস্ট মানি ব্যাংক ড্রাফট /পে অর্ডার আকারে জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। কৃতকার্য নিলাম দরদাতাকে অবশ্যই অবশিষ্ট ৭৫% মূল্য দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ দিনের মধ্যে নগদ/ ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা দিতে ব্যর্থ হলে জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করতে হবে। মালামালের সর্বনিম্ন নিলাম দরের চেয়ে কম দর গ্রহণযোগ্য হবে না।
- ০৩। দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে “প্যাকেজিং কাঠ ও কাঠের খালি ড্রাম এর নিলাম দরপত্র” কথাটি লিখে দিতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৪। উপরোক্ত নির্মাণ ষ্টোরের বিনষ্ট/ ব্যবহার অযোগ্য প্যাকেজিং কাঠ ও কাঠের খালি ড্রাম আগামী ২৭/১০/২০১৯খ্রিঃ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুরে পরিদর্শন করা যাবে।



